

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১০৩

তারিখ: ১১ কার্তিক ১৪২৮

২৭ অক্টোবর ২০২১

বিষয়: শিক্ষা মন্ত্রণালয় হতে এডহক নিয়োগপ্রাপ্ত আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে এডহক নিয়োগের প্রস্তাব পাওয়ার পর এ বিভাগ হতে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন আশাশুনি সরকারি কলেজ-এ বেসরকারি আমলে কর্মরত শিক্ষক ও কর্মচারী 'জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০০০ এর বিধি-০৩ এবং ০৫-এ বর্ণিত বিধান মোতাবেক জাতীয়করণের তারিখ (০৯ জানুয়ারি ২০১৭) হতে উক্ত কলেজে ক্রমিক নং-৩-এ জনাব মোহাম্মদ জহরুল ইসলাম, প্রভাষক, বাংলা বিভাগ, আশাশুনি সরকারি কলেজ, সাতক্ষীরা এডহক নিয়োগের জন্য গত ২৩ সেপ্টেম্বর ২০২১ ইং তারিখে এ মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সরকারি কলেজ-৫ হতে সূত্র নং- ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১০৭.০১৯.২৪৪ (এ), তাং-২৩/০৯/২০২১ খ্রি: এর প্রজ্ঞাপন জারি করা হয়।

এ বিভাগের ২৩ সেপ্টেম্বর ২০২১ ইং তারিখে নং-৩৭.০০.০০০০.০৮৫.১৫.১০৭.০১৯.২৪৪ (এ) সংখ্যক স্মারক অনুযায়ী এডহক নিয়োগ পেয়ে যথাসময়ে প্রতিষ্ঠানে হাজির হয়ে যোগদান করতে গেলে তার নামে আশাশুনি থানার মামলা নং- ১৯/জিআর-১২৪/১৮, তারিখ: ৩০/০৮/২০১৮ সাতক্ষীরা জেলা জজ আদালতে চলমান থাকায় অধ্যক্ষ মহোদয় যোগদান গ্রহণে অসম্মতি প্রকাশ করেন। ইহা প্রশাসনিক শৃঙ্খলার পরিপন্থি। প্রার্থীর মামলার সাথে এডহক নিয়োগ যোগদানের বিষয়ে কোন সম্পর্ক নেই।

এমতাবস্থায়, উক্ত মামলার সাথে তাঁর (জনাব মোহাম্মদ জহরুল ইসলাম, প্রভাষক, বাংলা বিভাগ) এডহক নিয়োগের কোন সম্পর্ক না থাকায় যোগদান গ্রহণ করতে আইনগত কোন বাধা নেই বিধায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১০-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

উপসচিব

সরকারি কলেজ-৫ শাখা

ইমেইল: law.section2@shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১০৩/১(৫)

তারিখ: ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অধ্যক্ষ, আশাশুনি সরকারি কলেজ, সাতক্ষীরা।
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৭-১০-২০২১

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব